



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৫৫.২০১৮/৩৪৭০/৮

তারিখ: ০৭/০৪/২০২৩ খ্রি:

বিষয়ঃ ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন সংক্রান্ত।

সূত্রঃ ১. জনাব মো: আনিছুর রহমান, সহকারী অধ্যাপক-এর ২৬.১২.২২খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার সদর উপজেলাধীন মজিদা আদর্শ ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক (ইংরেজি) জনাব মো: আনিছুর রহমান অধ্যক্ষের দায়িত্ব পালনের বিষয়ে শিক্ষা নীতিমালায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেন।

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১-এর ১৩ ধারায় উল্লেখ আছে যে, “শিক্ষক-কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তীব্র সংশ্লিষ্ট পদে প্রথম এম.পি.ও.ভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। এম.পি.ও.ভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে ঐ প্রতিষ্ঠানের যোগদানের তারিখ বিবেচনা করা হবে। তবে কোনো শিক্ষকের নিয়োগ নিয়মিতকরণ করা হলে নিয়মিতকরণের তারিখ যোগদানের তারিখ হিসেবে গণ্য হবে। যোগদানের তারিখ একই হলে জন্মতারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে। জন্মতারিখ একই হলে একাডেমিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে। এ ক্ষেত্রে একাডেমিক পরীক্ষার ফলাফল বলতে এস.এস.সি./সমমান এবং তদুর্ধ্ব পাবলিক পরীক্ষাসমূহের ফলাফল বুঝাবে।”

এমতাবস্থায়, জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১-এর ১৩ ধারা অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

সভাপতি,

পরিচালনা পরিষদ

মজিদা আদর্শ ডিগ্রি কলেজ, সদর, কুড়িগ্রাম।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), মজিদা আদর্শ ডিগ্রি কলেজ, সদর, কুড়িগ্রাম (পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, কুড়িগ্রাম (পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ);
৫. জনাব মো: আনিছুর রহমান, সহকারী অধ্যাপক (ইংরেজি), মজিদা আদর্শ ডিগ্রি কলেজ, সদর, কুড়িগ্রাম;
৬. সংরক্ষণ নথি।